

নম্বর: ৪২.০০.০০০০.০৪৮.০৫.০০৩.২০.৪৫

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০

০৩ মার্চ ২০২৪

অফিস আদেশ

পানি সম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থাসমূহের গবেষণা কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়নের লক্ষ্যে নির্দেশক্রমে নিম্নরূপ 'গবেষণা ব্যবস্থাপনা কমিটি' গঠন করা হল।

ক্রমিক	'গবেষণা ব্যবস্থাপনা কমিটি'র সদস্য	কমিটিতে পদবী
	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	সভাপতি
(১-২)	অতিরিক্ত সচিব (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়	সহ-সভাপতি
(৩-৯)	যুগ্মসচিব (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য
(১০)	মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড	
(১১)	মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা	
(১২)	মহাপরিচালক, হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর	
(১৩)	মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট	
(১৪)	সদস্য, যৌথ নদী কমিশন	
(১৫-১৭)	বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক (বিভাগীয় প্রধান/পরিচালক কর্তৃক মনোনীত)	
	• পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট	
	• ইন্সটিটিউট অফ ওয়াটার এন্ড ফ্লাড ম্যানেজমেন্ট, বুয়েট	
	• কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট	
(১৮-২০)	গবেষণা সংস্থা	
	• নির্বাহী পরিচালক, ইন্সটিটিউট অফ ওয়াটার মডেলিং	
	• নির্বাহী পরিচালক, সিইজিআইএস	
	• মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান	
	যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল (RM&PR), পানি সম্পদ মন্ত্রণালয়	সদস্য-সচিব

কমিটির কর্ম- পরিধি	<p>১. গবেষণা প্রস্তাব চূড়ান্ত মূল্যায়ন এবং অনুমোদন প্রদান; এ ক্ষেত্রে উল্লেখ্য,</p> <p>১.১ গবেষণা ব্যবস্থাপনা কমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ প্রাথমিক যাচাই-বাছাইকরণের লক্ষ্যে গবেষণা ব্যবস্থাপনা কমিটির সভাপতি অর্থাৎ সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় ঐর অনুমোদনের ভিত্তিতে গবেষণা উপ-কমিটির সদস্য নির্বাচন করা হবে। উক্ত উপ-কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করবেন যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল।</p> <p>১.২ প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহের বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ এবং প্রস্তাবিত গবেষণার বিষয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক (বিভাগীয় প্রধান কর্তৃক মনোনীত), পানি সম্পদ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থা প্রধানের প্রতিনিধি, কর্মসূত্রে অভিজ্ঞ/বিশেষজ্ঞ ব্যক্তিগণের সমন্বয়ে গবেষণা উপ-কমিটি গঠিত হবে।</p> <p>১.৩ গবেষণা উপ-কমিটি গবেষণা প্রস্তাবসমূহ প্রাথমিক যাচাই-বাছাইপূর্বক পর্যবেক্ষণসহ গবেষণা ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করবে।</p> <p>২. গবেষণা ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনের নিরিখে প্রস্তাবিত গবেষণার বিষয় সংশ্লিষ্ট স্বনামধন্য বিশেষজ্ঞগণকে সভায় আমন্ত্রণ/কো-অপ্ট করতে পারবে;</p> <p>৩. গবেষণা ব্যবস্থাপনা কমিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের তদারকি এবং অগ্রগতি প্রতিবেদন অনুমোদন করবে;</p> <p>৪. গবেষণা ব্যবস্থাপনা কমিটি গবেষণা লব্ধ ফলাফল এর উপর পর্যবেক্ষণ প্রদান করাসহ গবেষণার প্রায়োগিক ব্যবহার ক্ষেত্র সম্প্রসারণে কার্যকর দিকনির্দেশনা প্রদান করবে;</p> <p>৫. গবেষণা ব্যবস্থাপনা কমিটি বাংলাদেশের পানি ব্যবস্থাপনা খাতের সার্বিক পরিস্থিতি পরিবীক্ষণ করতঃ সামগ্রিকভাবে পানি সম্পদ ব্যবস্থাপনা কার্যক্রমকে টেকসই, সুসংহত এবং যুগোপযোগী করার লক্ষ্যে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়গুলো পর্যালোচনার আলোকে গবেষণা কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করবে।</p> <p>** উল্লেখ্য, বর্ণিত 'গবেষণা ব্যবস্থাপনা কমিটি'র আদেশ জারিকরণের মাধ্যমে পানি সম্পদ মন্ত্রণালয়ের ৩ অক্টোবর ২০২২ তারিখের স্মারক ৪২.০০.০০০০.০৪৮.০৫.০০৩.২০.১০৭ এর আওতায় গঠিত কমিটি নির্দেশক্রমে বাতিল করা হল।</p>
--------------------------	--



৩-৩-২০২৪

মেহরুবা ইসলাম

সিনিয়র সহকারী সচিব

ইমেইল: dsrmpr@mowr.gov.bd

নম্বর: ৪২.০০.০০০০.০৪৮.০৫.০০৩.২০.৪৫/১(৪৬)

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩০

০৩ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) .....১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
- ২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
- ৩) বিভাগীয় প্রধান (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ/পানি সম্পদ ইঞ্জিনিয়ারিং বিভাগ), বুয়েট।
- ৪) পরিচালক, ইন্সটিটিউট অফ ওয়াটার এন্ড ফ্লাড ম্যানেজমেন্ট, বুয়েট।
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।

- ৬) নির্বাহী পরিচালক, ইন্সটিটিউট অফ ওয়াটার মডেলিং, ঢাকা।  
৭) নির্বাহী পরিচালক, সি ই জি আই এস, ঢাকা।



৩-৩-২০২৪

মেহরুবা ইসলাম  
সিনিয়র সহকারী সচিব